



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com, ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৬.১১.২০২৪

বাংলা একাডেমির সাবেক সভাপতি ও মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ হারুন-উর-রশিদের মৃত্যুতে শোকবাণী

বাংলা একাডেমির সাবেক সভাপতি ও মহাপরিচালক, বিশিষ্ট গবেষক ও অনুবাদক অধ্যাপক মোহাম্মদ হারুন-উর-রশিদ আজ ২৬শে নভেম্বর ২০২৪ ইন্তেকাল করেছেন। (ইন্না-লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)।

বাংলা একাডেমিতে মহাপরিচালক ও সভাপতির দায়িত্ব পালনকালে তিনি একাডেমির উন্নয়ন ও বিকাশে তাৎপর্যপূর্ণ অবদান রেখেছেন। মহাপরিচালক হিসেবে তাঁর কার্যকালে অভিধান প্রণয়ন ও প্রকাশ, ‘আনন্দ পঠন গ্রন্থমালা’ প্রকাশ, ‘তরুণ লেখক প্রশিক্ষণ কর্মসূচি’ বাস্তবায়ন, একাডেমিতে গবেষণা, প্রকাশনা, প্রশিক্ষণ এবং একাডেমি প্রকাশিত বইয়ের বিপণন, একাডেমি প্রেসের আধুনিকায়নসহ নানান ক্ষেত্রে তিনি অনন্য ভূমিকা রেখেছেন।

অনুবাদ সাহিত্যে সামগ্রিক অবদানের স্বীকৃতিস্বরূপ অধ্যাপক মোহাম্মদ হারুন-উর-রশিদ বাংলা একাডেমি পরিচালিত ‘আবু রুশ্দ সাহিত্য পুরস্কার’-এ ভূষিত হন।

বাংলা একাডেমি পরিবারের প্রতিটি সদস্যের সঙ্গে তিনি নিবিড় বন্ধনে আবদ্ধ ছিলেন। অধ্যাপক মোহাম্মদ হারুন-উর-রশিদের প্রয়াণে আমরা শোকস্তব্ধ। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি জ্ঞাপন করি গভীর সমবেদনা।

মোহাম্মদ আজম

মহাপরিচালক

বাংলা একাডেমি